

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৭৫

আগরতলা, ২২ নভেম্বর, ২০২৩

সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী

২৩-২৭ নভেম্বর রাজ্যে জাতীয় স্কুল অনূর্ধ্ব-১৭ যোগা প্রতিযোগিতা

রাজ্যে ৬৭-তম জাতীয় স্কুল ক্রীড়ার অনূর্ধ্ব ১৭ বালক বালিকা বিভাগে যোগা প্রতিযোগিতা আগামীকাল উদ্বোধন হবে। পাঁচদিনব্যাপী এই প্রতিযোগিতা চলবে ২৭ নভেম্বর পর্যন্ত। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় এই সংবাদ জানান। সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী জানান, ৬৭-তম জাতীয় স্কুল ক্রীড়ার যোগা প্রতিযোগিতা নেতাজি সুভাষ আঞ্চলিক ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র (এনএসআরসিসি) ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। তাতে দেশের বিভিন্ন রাজ্য থেকে প্রায় ৫ শতাধিক প্রতিযোগী অংশ নেবেন। ইতিমধ্যেই ১৮টি রাজ্য ও ৩টি কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৫১ জন খেলোয়াড় তাদের নাম নথিভুক্ত করেছেন। এরমধ্যে বালক বিভাগে ১৭৪ জন এবং বালিকা বিভাগে ১৭৭ জন। এই সংখ্যা আগামীকালের মধ্যে আরও বৃদ্ধি পাবে। ক্রীড়ামন্ত্রী জানান, জাতীয় স্কুল ক্রীড়ার অনূর্ধ্ব ১৭ বছরের ফুটবল ও জিমনাস্টিকের প্রতিযোগিতা এর আগে রাজ্যে অনুষ্ঠিত হয়েছিল। যোগা ইভেন্টে প্রতিযোগিতা এই প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই প্রতিযোগিতার বিচারকগণ বহিরাঙ্গ থেকে আসবেন। ক্রীড়ামন্ত্রী জানান, বর্তমান রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টায় রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর ব্যাপক উন্নয়ন হয়েছে। ফলে রাজ্যের ছেলেমেয়েরাও জাতীয়স্তরের খেলোয়াড়দের সঙ্গে তাল মিলিয়ে ক্রীড়াক্ষেত্রে এগিয়ে যাচ্ছে।

সাংবাদিক সম্মেলনে ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী বলেন, আগামীকাল মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা ৬৭-তম জাতীয় স্কুল ক্রীড়ার অনূর্ধ্ব ১৭ যোগা ইভেন্টে প্রতিযোগিতার উদ্বোধন করবেন। জাতীয় স্কুল ক্রীড়ার বিভিন্ন প্রতিযোগিতা এর আগেও রাজ্যে সফলভাবে আয়োজন করা হয়েছিল। ৬৭তম জাতীয় স্কুল ক্রীড়ার এবারের প্রতিযোগিতাও সফলভাবে আয়োজন করার জন্য ক্রীড়া দপ্তর বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*